

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫০৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - 'ঈসা আলায়হিস সালাম-এর অবতরণ

الفصل الاول (بَاب نزُول عِيسَى عَلَيْهِ السَّلَام)

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ ظَاهِرِينَ إِلَى يَوْمِ الْقِيَامَة». قا ل: فَينزل عِيسَى بن مَرْيَمَ فَيَقُولُ أُمِيرُهُمْ: تَعَالَ صَلِّ لَنَا فَيَقُولُ: لَا إِنَّ بَعْضَكُمْ عَلَى بَعْضٍ أُمَرَاءُ تَكْرِمَةَ الله هَذِهِ الْأَمة. رَوَاهُ مُسْلِمٌ وَهَذَا الْبَابُ خَالٍ عَنِ الْفَصِلِ التَّانِي

رواه مسلم (247 / 156)، (395) ۔ (صَحِیح)

বাংলা

৫৫০৭-[৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমার উম্মতের একদল লোক সত্যের উপর দৃঢ় থেকে (বাতিলের বিরুদ্ধে বিজয়ীরূপে কিয়ামত পর্যন্ত যুদ্ধ করতে থাকবে। তিনি (সা.) বলেন, অতঃপর 'ঈসা ইবনু মারইয়াম (আঃ) অবতরণ করবেন। সে সময়ের লোকেদের আমীর বা নেতা (ইমাম মাহদী) তাকে বলবেন, আপনি এদিকে আসুন এবং লোকদেরকে সালাত আদায় করিয়ে দিন। তিনি বলবেন না; বরং তোমরা একে অপরের ইমাম। আল্লাহ তা'আলা এ উম্মাতকে মর্যাদা দান করেছেন। (মুসলিম)।

ফুটনোট

সহীহ: মুসলিম ২৪৭-(১৫৬) মুসনাদে আহমাদ ২৪৮৪, আবূ দাউদ ২২৪৫, সহীহুল জামি ৭২৯৩, সিলসিলাতুস্ সহীহাহ ১৯৬০, মুসনাদে আহমাদ ১৪৭৬২, সহীহ ইবনু হিব্বান ৬৮১৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৪৬৪৮, আল মু'জামুল আওসাত্ব ৯০৭৭, আল মুসতাদরাক লিল হাকিম ২৩৯২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৩৪৯।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ) সঠিক পস্থা অবলম্বন করে অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ করবে। অথবা সত্যকে প্রতিষ্ঠিত করার জন্য প্রকাশ্য বা অপ্রকাশ্য চেষ্টা সংগ্রাম চালিয়ে যাবে।

(ظَاهِرِينَ) শক্রর ওপর বিজয় লাভ করবে। যেহেতু আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে ঘোষণা করেছেন, فَإِنَّ, শক্রর ওপর বিজয় লাভ করবে।" (সূরাহ্ আল মায়িদাহ্ ৫: ৫৬)

ভিন্ন দিন্দ্র দিন্দ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85485

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন